

পাইলট প্ল্যান্ট এন্ড প্রসেস ডেভেলপমেন্ট সেন্টার PILOT PLANT & PROCESS DEVELOPMENT CENTRE BCSIR, DHAKA-1205

পাইলট প্ল্যান্ট এন্ড প্রসেস ডেভেলপমেন্ট সেন্টার (পিপি এন্ড পিডিসি) -এর রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission) এবং কার্যাবলী:

১.১। রূপকল্প (Vision): টেকসই প্রযুক্তি উন্নয়ন ও বাস্তবায়ন লক্ষ্যে পিপিএন্ডপিডিসি-কে জাতীয় টেকনোলজি ইনকিউবেশন সেন্টার রূপে প্রতিষ্ঠিত করা।

১.২। অভিলক্ষ্য (Mission): শিল্প গবেষণার মাধ্যমে নতুন প্রযুক্তি উদ্ভাবন ও মেধাস্বত্ব অর্জন পূর্বক সেগুলোকে শিল্প উদ্যোগীদের নিকট হস্তান্তর করে আর্থ-সামাজিক উন্নয়ন ও বেকারত্ব দূরীকরণ।

কার্যাবলী (Functions):

১. বিসিএসআইআর-এর ল্যাব স্কেলে উদ্ভাবিত প্রসেসগুলো সহ যেকোন গবেষণাকাজ ও ইন্ডাস্ট্রিয়াল সমস্যা সমাধানে পাইলট প্ল্যান্ট স্টাডিকরণ এবং উন্নয়ন।
২. উন্নয়নকৃত সফল প্রসেসগুলো ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোগীদের নিকট হস্তান্তর ও কারিগরি সহায়তা প্রদান।
৩. টেকসই প্রযুক্তি স্থাপন, উন্নয়ন ও বাণিজ্যিকিকরণের লক্ষ্যে আর্থ-কারিগরি সম্ভাব্যতা যাচাই।
৪. প্রয়োজনীয় যন্ত্রপাতি ও স্পেয়ার পার্টস এর ডিজাইন এবং প্রস্তুতকরণ।
৫. দেশীয় বিভিন্ন শিল্প কারখানার কারিগরি সমস্যাবলী সমাধান ও সেবা প্রদান।
৬. বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের থিসিস ও গবেষণা কাজে সহায়তা প্রদান।